দৈনিক
আমাদের সময়

তারিখ: 18 SEP 2017
৩ কলাম ৪

দ্রুত ফল প্রকাশের দাবি

# ফের আন্দোলনে ঢাবি অধিভুক্ত ৭ কলেজের শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক ●

ফের আন্দোলনে নেমেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাতটি কলেজের শিক্ষার্থীরা। ২০১১-২০১২ সেশনের চতুর্থ বর্ষের পরীক্ষা আট মাস আগে শেষ হলেও এখন পর্যন্ত ফল পাননি তারা। তাই দ্রুত ফল প্রকাশের দাবিতে ফের অনশন শুরু করেছেন শিক্ষার্থীরা।

কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে গতকাল সকাল সাড়ে ১০টায় জড়ো হয়ে অনশন শুরু করেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা বলেন, আমরা ২০১১-২০১২ সেশনে পরীক্ষা দিয়েছি গত ফেব্রুয়ারি মাসে। পরীক্ষা চলাকালে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাকার সাতটি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়। তাই পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় নিলেও ফল দেওয়ার দায়িত্ব ঢাবি কর্তৃপক্ষের। কিন্তু আট মাস পেরিয়ে গেলেও পরীক্ষার ফল আজও আমরা পাইনি।

শিক্ষার্থীদের অভিযোগ, আমাদের পরীক্ষার ফল ঘোষণার দাবি নিয়ে ঢাবির নতুন ভিসির কাছে গিয়েছিলাম, কিন্তু তিনি যা বলেছেন তাতে মনে হচ্ছে খুব দ্রুত ফল তারা দিতে পারবেন না। সরকারি তিতুমীর কলেজের ছাত্র নাফিস বলেন, এক আন্দোলন করে পরীক্ষা দিয়েছি। মনে হচ্ছে আরেক আন্দোলন করে রেজাল্ট বের করতে হবে। ইডেন বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রী তাবাসসুম বলেন, আমাদের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের যেসব এরপর পৃষ্ঠা ৯ কলাম ৭

## ফের আন্দোলনে ঢাবি অধিভুক্ত

(৩ এর পৃষ্ঠার পর) শিক্ষার্থী পরীক্ষা দিয়েছিলেন, তারা ফল পেয়েছেন আরও তিন মাস আগে। আমরা ফল না পাওয়ায় ৩৮তম বিসিএস থেকে শুরু করে অন্য অনেক নিয়োগ পরীক্ষায় আবেদন করতে পারছি না।

জাতীয় বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনীহার কারণে আমরা হাজার হাজার শিক্ষার্থী আজ ক্ষতিগ্রস্ত হচ্ছি। আমরা পিছিয়ে পড়ছি। দ্রুত ফল না পেলে কঠোর আন্দোলনে যাওয়ার কথাও জানান তিনিসহ একাধিক শিক্ষার্থী।

এ ব্যাপারে কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর আই কে সেলিমউল্লাহ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত হওয়ার আগে যারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পরীক্ষা দিয়েছে, তাদের সব কাগজপত্র এখনো আসেনি। তাদের কাগজপত্র দ্রুত পাঠানোর ব্যাপারে আশ্বাস দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। সনদের ব্যাপারে তিনি বলেন, শিক্ষার্থীদের সাময়িক সনদ দেওয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বলেছি। অনুমোদন দিলেই সাত কলেজ সনদ দেওয়া শুরু করবে। এতে আন্দোলন করার কিছু নেই।

অধিভুক্ত কলেজগুলো হলো– ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।

নয়
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর